BENGALI / BENGALI

তথ্যগুলি জানুন

করোনা ভাইরাস রোগ সম্পর্কে (COVID-19)

COVID-19 হল করোনা ভাইরাস দ্বারা সৃষ্ট একটি রোগ। মানব করোনা ভাইরাসগুলি সাধারণ এবং সর্দি জ্বরের মতো সাধারণত হালকা অসুস্থতার সাথে জড়িত থাকে।

মানুষের করোনা ভাইরাসগুলির উপসর্গগুলি খুব হালকা বা আরও গুরুতর হতে পারে, যেমন:

জ্বর

কাশি

শ্বাসপ্রশ্বাসের কষ্ট

ভাইরাসের সংস্পর্শে আসার পরে উপসর্গগুলি দেখা দিতে 14 দিন পর্যন্ত সময় লাগতে পারে।

করোনা ভাইরাসগুলি সাধারণত কোনও সংক্রামিত ব্যক্তির থেকে এইগুলির মাধ্যমে ছড়িয়ে পড়ে:

- আপনার কাশি বা হাঁচি হলে শ্বাস প্রশ্বাসের ফোঁটাগুলি
- ঘনিষ্ঠ ব্যক্তিগত যোগাযোগ, যেমন স্পর্শ বা করমর্দন করা
- ভাইরাস আছে এমন কোন কিছু স্পর্শ করা, তারপরে হাত ধোওয়ার আগে আপনার চোখ, নাক বা মুখ স্পর্শ করা

এই ভাইরাসগুলি বায়ু চলাচল ব্যবস্থার বা জলের মাধ্যমে ছড়িয়ে যায় বলে জানা যায় না।

সংক্রমণের বিস্তার প্রতিরোধ করার সর্বোত্তম উপায় হল:

- প্রায়শই অন্তত 20 সেকেন্ড ধরে আপনার হাত সাবান এবং জল দিয়ে ধুয়ে ফেলুন;
- বিশেষত হাত না ধুয়ে, আপনার চোখ, নাক বা মুখ স্পর্শ করা এড়িয়ে চলুন;
- অসুস্থ মানুষদের সাথে ঘনিষ্ঠ যোগাযোগ এড়িয়ে চলুন;
- নিজের জামার হাতার মধ্যে কাশুন বা হাঁচি দিন, নিজের হাতে নয়; এবং
- অন্যদের মধ্যে অসুস্থতা ছড়ানো এড়াতে অসুস্থ হলে বাড়িতেই থাকুন।

করোনা ভাইরাস সম্পর্কিত আরও তথ্যের জন্য:

1-833-784-4397

canada.ca/coronavirus

phac.info.aspc@canada.ca